লেবানন অভিযানে লুটপাটের অভিযোগ ইসরাইলি সেনাদের বিরুদ্ধে



সংগৃহীত ছবি

দক্ষিণ লেবাননে চলমান সামরিক অভিযানের মধ্যে ইসরাইলি সেনাদের বিরুদ্ধে ব্যাপক লুটপাটের অভিযোগ উঠেছে। স্থানীয়দের ঘরবাড়ি, দোকানপাটসহ বিভিন্ন সম্পদ থেকে মূল্যবান জিনিসপত্র নিয়ে যাওয়ার ঘটনা নিয়ে নতুন করে বিতর্ক তৈরি হয়েছে।

ইসরাইলি সংবাদমাধ্যম 'ইয়েদিওথ আহরোনথ' ও 'হারেৎজ'-এর প্রতিবেদনে বলা হয়, সীমান্ত অঞ্চলে দায়িত্ব পালন করা একাধিক রিজার্ভ ইউনিটের সদস্যদের লুটপাটে জড়িত থাকার তথ্য পাওয়া গেছে। নাম প্রকাশে অনিচ্ছুক এক রিজার্ভ সেনার বরাতে জানানো হয়, সেনারা বিভিন্ন ব্যক্তিগত সামগ্রী থেকে শুরু করে স্মৃতিচিহ্ন, গহনা, কম্বল ও ছবি পর্যন্ত নিয়ে যাচ্ছে।

প্রতিবেদনে আরও উল্লেখ করা হয়, জনশূন্য বাড়িঘর ও দোকান থেকেও মূল্যবান জিনিসপত্র নেওয়ার ঘটনা ঘটছে। এমনকি এক ক্ষেত্রে একজন কমান্ডার তার অধীনস্থ সেনাদের লুট করা মালামাল নিয়ে দেশে ফেরার চেষ্টা আটকে দেন বলেও দাবি করা হয়েছে।

এর আগে গাজা যুদ্ধকালীন সময়েও ইসরাইলি সেনাদের বিরুদ্ধে একই ধরনের অভিযোগ উঠেছিল। সম্প্রতি সেনাপ্রধান ইয়াল জামির শীর্ষ সামরিক কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে এ ধরনের অনিয়ম নিয়ে কঠোর সতর্কতা দেন।

তবে মাঠপর্যায়ের বাস্তবতা বলছে, নির্দেশনা থাকা সত্ত্বেও অনেক সেনার মধ্যে শৃঙ্খলার ঘাটতি রয়েছে, যা পুরো বাহিনীর ভাবমূর্তি ও অভ্যন্তরীণ শৃঙ্খলা নিয়ে প্রশ্ন তুলছে।

সূত্র: আলজাজিরা।